

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
বাগেরহাট  
আইসিটি শাখা



জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাঃ খালিদ হোসেন জেলা প্রশাসক
সভার তারিখ	২১ জানুয়ারি, ২০২৪।
সভার সময়	দুপুর ০১.৪৫ ঘটিকা।
স্থান	জেলা প্রশাসক, বাগেরহাট এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট, সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট, জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট, উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট, উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, বাগেরহাট।

সভাপতি জেলা ইনোভেশন কমিটির সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনো প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১. সভাপতি বিভিন্ন দপ্তরের গৃহীত ইনোভেশনের উদ্যোগসমূহ তদারকি ও প্রকল্পসমূহ সুন্দরভাবে সম্পন্ন করার আহবান করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১.১. বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ যথাযথভাবে তদারকি করতে হবে এবং তা দ্রুত বাস্তবায়নপূর্বক সকল উপজেলায় ইনোভেশন প্রকল্প গ্রহণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট ও জেলা পর্যায়ের অফিস প্রধান (সকল)।
২. সভায় জানানো হয় যে, জেলার কোনো দপ্তরে গৃহীত ইনোভেশন থাকলে তা পরবর্তী সভায় অফিস প্রধানগণ উপস্থাপন করবেন।	২.১. সকল অফিস প্রধান স্মার্ট বাংলাদেশের আইডিয়া/ ইনোভেশন আইডিয়া গ্রহণ করতে হবে।	অফিস প্রধান (সকল)
৩. সহকারী কমিশনার, আইসিটি সভায় জানান যে, বাগেরহাট জেলায় ইনোভেশন কার্যক্রমের গতি আরো বৃদ্ধি করে সুনির্দিষ্ট জনবান্ধব ইনোভেশন প্রকল্প গ্রহণ করা দরকার। এ বিষয়ে চলমান প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য নতুন প্রকল্প গ্রহণের উৎসাহ এবং সহযোগিতা প্রদানসহ নিজ নিজ দপ্তর হতে উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।	৩.১. নতুন উদ্যোগ গ্রহণ করতে হবে এবং তা দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও জেলা পর্যায়ের সকল অফিস প্রধান, বাগেরহাট।
৪. সভায় সকল দপ্তর প্রধান স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে তার দপ্তরের কি কি ইনোভেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে, কি ইনোভেশন পরিকল্পনাধীন রয়েছে তার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করবেন বলে আলোচনা করা হয়।	৪.১ সকল দপ্তরের চলমান ও পরিকল্পনাধীন ইনোভেশনের উদ্যোগসমূহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), দপ্তর প্রধান (সকল)।

<p>৫. বাগেরহাট জেলার বিভিন্ন স্কুলে শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ যথাযথভাবে পরিচালিত হচ্ছে কিনা বা কোনো সমস্যা থাকলে তার উপর একটি প্রতিবেদন প্রস্তুত করে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রোগ্রামার আগামী সভায় উপস্থাপন করবেন মর্মে সভায় আলোচনা করা হয়।</p>	<p>৫.১ বাগেরহাট জেলায় যে সকল স্কুলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে সেগুলো পরিদর্শন করে তার একটি প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে।</p>	<p>জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট।</p>
---	--	--

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোহাঃ খালিদ হোসেন  
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.০১০০.০৩০.০৬.০০২.১৬.৭

তারিখ: ৮ মাঘ ১৪৩০  
২২ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বাগেরহাট।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর, মোল্লাহাট, চিতলমারী, কচুয়া, মোরেলগঞ্জ, শরনখোলা, মোংলা, রামপাল ও ফকিরহাট, বাগেরহাট।
- ৬) সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট।
- ৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট



মোহাঃ খালিদ হোসেন  
জেলা প্রশাসক